দৈনিক ইত্তেফাক ৬২
তারিখ JUN. 1 9 1999
পৃষ্ঠা ৮ কলাম ৪

## এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার ফল প্রকাশ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে গত মার্চ মাসে অনুষ্ঠিত এস এস সি (ভোকেশনাল) পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইয়াছে। গত বৃহস্পতিবার বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে, মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৫৯৪ পাস করিয়াছে ৪৯৯২ জন।

পাসের হার শতকরা ৫৮'০২%। প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে ২৬১৭ জন। দ্বিতীয় বিভাগে ২৩৫৭ জন এবং তৃতীয় বিভাগে ১৮ জন উত্তীর্ণ হইয়াছে। ১৩৪৩ জনের ফলাফল স্থগিত রহিয়াছে।

## আবেদন

১৯৯৫-৯৬ শিক্ষা বর্ষের এম,এ, এম,এস,এস, এম,কম ১ম পর্বের পরীক্ষা গত বৎসর শেষ হইয়াছে। ৭ মাস পার হইলেও দর্শন'এবং সমাজ বিজ্ঞান বিভাগ ছাড়া অন্য কোন বিভাগের ফলাফল এ পর্যন্ত বাহির হইল না। অথচ এম,এ এম,এস,এস এম,কম শেষ পর্বের ভর্তির তারিখ এবং আগামী মাস হইতে অনুষ্ঠিতব্য এম,এ, এম,এস,এস, এম,কম ১ম পর্বের পরীক্ষার ফরম ফিলাপের তারিখ শেষ হইয়া গিয়াছে। আমরা অনেকেই ভর্তির তারিখ পর্যন্ত জানিতে পারি নাই। আমাদের ধারণা ছিল, ফলাফল প্রকাশের পর ভর্তি প্রক্রিয়া শুরু হইবে। আমরা যাহারা অকৃতকার্য হইব, তাহাদের পক্ষে আগামী মাসে পরীক্ষায় অংশগ্রহণ করা সম্ভব হইবে- এমন বলা যায় না। যাহা হউক, অতি সত্বর সকল বিভাগের ফলাফল প্রকাশ করিয়া পুনরায় ভর্তি ও ফরম ফিলাপের সুযোগ এবং সেইসাথে যাহারা ভর্তি হইয়াছে তাহাদের মধ্যে যাহারা অকৃতকার্য হইবে, তাহাদের ভর্তির সময় ভর্তি ফি বাবদ নেওয়া টাকা দ্বারা ফরম ফিলাপের সুযোগ এবং পরীক্ষার তারিখ পুনর্নির্ধারণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

পাশা, প্রদীপ, মাছুম, লিটন, আনোয়ার
রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, সমাজ-বিজ্ঞান, ইসলামিক স্ট্যাডিজ, অর্থনীতি বিভাগ, ঢাকা কলেজ, ঢাকা।